



বিষয় : নতুনদা - শরৎচন্দ্র চট্টোপাধ্যায়

সঠিক উত্তরটি নির্বাচন কর :-

- ১। 'সন্মুখে একটি বালির _____ ছিল,' - শূন্যস্থানে কোন্ শব্দটি বসবে?
(ক) বস্তা (খ) ঢিপি
(গ) রাস্তা (ঘ) কোনটি নয়
- ২। অনেক দূরে জলের ধার ঘেঁষে দাঁড়িয়ে কারা চিৎকার করছে?
(ক) পাঁচ-সাতজন লোক (খ) পাঁচ-সাতটা বাচ্চা ছেলে
(গ) পাঁচ-সাতটা কুকুর (ঘ) পাঁচ-সাতটা শৃগাল
- ৩। 'সন্তর্পণে' শব্দটির অর্থ কি?
(ক) গোপনে (খ) চুপি সারে
(গ) ধীর গতি (ঘ) সাবধানের সঙ্গে
- ৪। 'একপাল কুকুর ছাড়া বাঘ তো দূরের কথা, একটা _____ নাই।' - শূন্যস্থানে কোন্ শব্দটি বসবে?
(ক) শৃগালও (খ) ছাগলও
(গ) মানুষও (ঘ) কোনটি নয়
- ৫। 'তাহারা কি একটা কালোপানা বস্ত্র জলে ফেলিয়া পাহারা দিয়া আছে।' 'তাহারা' বলতে এখানে কাদের বোঝানো হয়েছে?
(ক) অপু-দুর্গা (খ) একপাল কুকুর
(গ) ইন্দ্র-শ্রীকান্ত (ঘ) ইন্দ্র-নতুনদা
- ৬। '_____ চিৎকার করিয়া ডাকিল, নতুনদা।' - শূন্যস্থানে কোন্ শব্দটি বসবে?
(ক) শ্রীকান্ত (খ) অপু
(গ) ইন্দ্র (ঘ) রমেশ
- ৭। 'অব্যক্ত' শব্দের অর্থ হল —
(ক) ব্যাথায়ুক্ত (খ) বলা হয়েছে এমন
(গ) অসহ্য (ঘ) যা প্রকাশ করা যায় না এমন
- ৮। 'এই যে আমি।' - বক্তা কে?
(ক) নতুনদা (খ) শ্রীকান্ত
(গ) ইন্দ্রনাথ (ঘ) অপু
- ৯। 'আকর্ষণ' শব্দের অর্থ কি?
(ক) কণ্ঠের সমান (খ) কণ্ঠ পর্যন্ত
(গ) কণ্ঠ থেকে (ঘ) কণ্ঠের মতো
- ১০। নতুনদা হাততালি দিয়ে কোন্ গান গাইছিলেন?
(ক) ভজন (খ) রবীন্দ্রসঙ্গীত
(গ) ঠুনঠুন পেয়ালা (ঘ) শ্যামাসঙ্গীত

- ১১। ‘অশ্রুতপূর্ব’ শব্দের অর্থ হল —
(ক) শোনা হয়েছে এমন (খ) আগে শোনা হয়নি এমন
(গ) পূর্বে শোনা এমন (ঘ) কোনটি নয়
- ১২। ‘এই _____ ব্যক্তিটিকে তাড়া করিয়াছিল।’ - শূন্যস্থানে কোন্ শব্দটি বসবে?
(ক) মহামান্য (খ) অসামান্য
(গ) ভীত (ঘ) উন্মাদ
- ১৩। ‘অদৃষ্টপূর্ব’ কথার অর্থ কি?
(ক) দেখা হয়েছে এমন (খ) যা পূর্বে দেখা যায়নি
(গ) আগে দেখা এমন (ঘ) কোনটি নয়
- ১৪। ‘প্রায়শ্চিত্ত’ শব্দের অর্থ হল —
(ক) শাস্তি (খ) অনুতাপ
(গ) কৃতকর্মের ফল (ঘ) ক্ষমা চাওয়া
- ১৫। ‘_____ ডাঙ্গায় উঠিয়াই প্রথম কথা কহিলেন।’ - শূন্যস্থানে বসবে —
(ক) ইন্দ্র (খ) নতুনদা
(গ) শ্রীকান্ত (ঘ) বাবু

Amit Kundu
